# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫১৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫১৮]

পর্ব-১৭: ইস্তিস্কা (বৃষ্টির জন্যে দু'আ করা) (كتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ ১০: দু'আর উল্লেখ

## باب ذِكْرِ الدُّعَاءِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قال: حَدَّثَنَا الْمُعْتَمِرُ، قال: سَمِعْتُ عُبَيْدَ اللَّهِ بْنَ عُمَرَ وَهُوَ الْعُمَرِيُّ، عَنْ ثَابِتٍ، عَنْأَنَسٍ، قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ يَوْمَ الْجُمُعَةِ، فَقَامَ إِلَيْهِ النَّاسُ فَصَاحُوا، فَقَالُوا: يَا نَبِيَّ اللَّهِ، قَحَطَتِ الْمَطَرُ وَهَلَكَتِ الْبَهَائِمُ، فَادْعُ اللَّهَ أَنْ يَسْقِيَنَا، قَالَ: اللَّهُمَّ اسْقِنَا اللَّهُمَّ اسْقِنَا ، قَالَ: وَايْمُ اللَّهِ مَا نَرَى فِي السَّمَاءِ قَزَعَةً مِنْ سَحَابٍ، قَالَ: فَأَنْشَأَتْ سَحَابَةٌ فَانْتَشَرَتْ، ثُمَّ إِنَّهَا أُمْطِرَتْ وَنَزَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى وَانْصَرَفَ النَّاسُ، فَلَمْ تَزَلْ تَمْطُرُ إِلَى يَوْمِ الْجُمُعَةِ الْأُخْرَى، فَلَمَّا قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ صَاحُوا إِلَيْهِ، فَقَالُوا: يَا نَبِيَّ اللَّهِ، تَهَدَّمَتِ الْبُيُوتُ وَتَقَطَّعَتِ السُّبُلُ، فَادْعُ اللَّهَ أَنْ يَحْبِسَهَا عَنَّا، فَتَبَسَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ: اللَّهُمَّ حَوَالَيْنَا وَلَا عَلَيْنَا ، فَتَقَشَّعَتْ عَنِ الْمَدِينَةِ فَجَعَلَتْ تَمْطُرُ حَوْلَهَا وَمَا تَمْطُرُ بِالْمَدِينَةِ قَطْرَةً، فَنَظَرْتُ إِلَى الْمَدِينَةِ وَإِنَّهَا لَفِي مِثْلِ الْإِكْلِيلِ.

تخريج دارالدعوه: صحيح البخارى/الإستسقاء ١٤ (١٠٢١)، صحيح مسلم/الإستسقاء ٢ (٨٩٧)، (تحفة الأشراف: ٤٥٦) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1518 ـ صحيح

বাংলা

১৫১৭. মুহাম্মাদ ইবনু আবদুল আ'লা (রহ.) ..... আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী (সা.) - জুমু'আর দিন খুৎবা দিচ্ছিলেন। এমন সময় কতক মানুষ দাঁড়িয়ে গেল, তারা চিৎকার করে বলতে লাগল, হে

আল্লাহর নবী! বৃষ্টি বন্ধ হয়ে গেছে এবং চতুষ্পদ জন্তুগুলো অকর্মণ্য হয়ে যাচ্ছে, অতএব আপনি আল্লাহ তা'আলার সমীপে দু'আ করুন তিনি যেন আমাদের ওপর বৃষ্টি বর্ষণ করেন। তিনি বললেন, “আল্ল-হুম্মাসকিনা- আল্ল-হুম্মাসকিনা-" (হে আল্লাহ! তুমি আমাদের ওপর বৃষ্টি বর্ষণ কর; হে আল্লাহ! তুমি আমাদের ওপর বৃষ্টি বর্ষণ কর)। আনাস (রাঃ) বলেন, আল্লাহর কসম! আমরা আকাশে মেঘের কোনচিহ্নও দেখছিলাম না। তিনি বলেন, এ সময় মেঘ সৃষ্টি হলো, এরপর তা বিস্তীর্ণ হলো, পরে তা (আমাদের ওপর) বর্ষিত হলো। অতঃপর রসূলুল্লাহ (সা.) নীচে নেমে আসলেন এবং সালাত আদায় করলেন। আর মানুষেরা সালাত শেষ করে ফিরে গেল। অতঃপর পরবর্তী জুমুআহ পর্যন্ত অনবরত বৃষ্টি বর্ষিত হতে লাগল। যখন রসূলুল্লাহ (সা.) খুৎবা দেয়ার জন্যে দাড়ালেন, মানুষ চিৎকার করে বলতে লাগল, হে আল্লাহর নবী (সা.)! (পানির আধিক্য হেতু) বাড়ি ঘর তো ধীরে ধীরে ধ্বংস হয়ে যাচ্ছে, রাস্তাঘাট বন্ধ হয়ে যাচ্ছে। অতএব আপনি আল্লাহর কাছে দু'আ করুন, তিনি যেন আমাদের থেকে বৃষ্টি বন্ধ করে দেন। তখন রসূলুল্লাহ (সা.) মুচকী হেসে বললেন, “আল-হুম্মা হাওয়া-লায়না- ওয়ালা- ‘আলায়না-” (হে আল্লাহ! তুমি আমাদের আশেপাশে বষ্টি বর্ষণ কর; আমাদের ওপরে নয়)। তখন মদীনাহ থেকে মেঘমালা বিক্ষিপ্ত হয়ে গেল, আর মদীনার আশেপাশে বৃষ্টি হচ্ছিল কিন্তু মদীনায় এক ফোটাও বৃষ্টি হচ্ছিল না। তখন আমি মদীনার দিকে তাকিয়ে দেখলাম যে, মদীনাহ্ মেঘমালার চক্র ব্যুহের মাঝখানে অবস্থিত।

## English

The supplication

It was narrated from Thabit that Anas said: The Prophet (ﷺ) was delivering the Khutbah one Friday when the people stood up and shouted: 'O Prophet of Allah! There has been no rain and the animals have died. Pray to Allah (SWT) to send us rain.' He said: 'O Allah, send us rain; O Allah, send us rain.' By Allah (SWT), we could not see even a wisp of a cloud in the sky, then a cloud appeared and grew, and it rained. The Messenger of Allah (ﷺ) came down and prayed, and the people departed, and it continued to rain until the following Friday. When the Messenger of Allah (ﷺ) stood up to deliver the Khutbah, they called out to him and said: 'O Prophet of Allah, the houses are destroyed and the routes are cut off. Pray to Allah to take it away from us.' The Messenger of Allah (ﷺ) smiled and said: 'O Allah, around us and not on us!' Then is dispersed from Al-Madinah and rain fell around Al-Madinah but not a single drop fell on Al-Madinah. I looked, and it was in something like a ring.

## ফুটনোট

সহীহঃ বুখারী ১০২১, মুসলিম ৮৯৭, সহীহ আবু দাউদ ১০৬৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90013

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন